



স্মারক নং-বিএসএমএমইউ/২০২১/৮২৪৬

তারিখঃ ১২/০৯/২০২১ইং

বিজ্ঞপ্তি (অভ্যন্তরিন)

বিশ্ববিদ্যালয় আইন ১৯৯৮ সনের ১নং আইনের ধারা ১৪ (১০) মোতাবেক ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদের স্থায়ী শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী (এডহক) ভিত্তিতে নিয়োগ প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ও বিভাগীয় ভাবে দৈনিক মজুরী ভিত্তিতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আগামী ১৯/০৯/২০২১ইং তারিখ রোজ রবিবার অপরাহ্ন ২.৩০ মিনিট এর মধ্যে রেজিস্ট্রার মহোদয় বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. নিধারিত ফরমে রেজিস্ট্রার বরাবর ০২ (দুই) সেট আবেদন পত্র জমা দিতে হবে।
২. আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং জাতীয় পরিচয় পত্রসহ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৩. প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের দৈনিক মজুরী ভিত্তিক কেন্দ্রীয়/বিভাগীয় নিয়োগপত্র ও যোগদানের কপি সংযুক্ত করতে হবে।
৪. আবেদন পত্রের খামের উপর পদের নাম ও বামপার্শ্বে প্রেরকের নাম ঠিকানা লিখতে হবে।
৫. অফিস প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/অগ্রায়নসহ আবেদন করতে হবে।
৬. প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য হলে সত্যায়িত সনদ জমা দিতে হবে এবং এই বিষয়ে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
৭. নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা এবং ত্রুটিযুক্ত/অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৮. স্মারক নং-বিএসএমএমইউ/২০২০/৮৪৫৩ তারিখ-২৩/০৯/২০২০ইং মোতাবেক জারীকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে আবেদন কৃতদের অত্র বিজ্ঞপ্তির আলোকে পুনরায় আবেদন করার আবশ্যিকতা নেই।
৯. আবেদন পত্রের বিষয়ে যে কোন সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১০. আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.bsmmu.edu.bd এবং রেজিস্ট্রার কার্যালয়ে পাওয়া যাবে।

আদেশক্রমে,

১২/৯/২০২১

(অধ্যাপক ডা. এ বি এম আব্দুল হান্নান)

রেজিস্ট্রার

বিএসএমএমইউ

স্মারক নং-বিএসএমএমইউ/২০২১/৮২৪৬/১(১১)

তারিখঃ ১২/০৯/২০২১ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সকল অনুষদের ডীন, বিএসএমএমইউ।
২. সকল বিভাগীয় চেয়ারম্যান/ডিভিশন প্রধান, বিএসএমএমইউ।
৩. প্রক্টর, বিএসএমএমইউ।
৪. পরিচালক (হাসপাতাল/অর্থ ও হিসাব/পরিদর্শন/আইটি/পরিকল্পনা ও উন্নয়ন/পরীক্ষা নিয়ন্ত্রক/প্রধান প্রকৌশলী/গ্রন্থাগারিক/চীফ এস্টেট অফিসার, বিএসএমএমইউ।
৫. সকল অতিরিক্ত রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (হাসপাতাল/অর্থ ও হিসাব/পরিদর্শন), বিএসএমএমইউ।
৬. সেবা তত্ত্বাবধায়ক, বিএসএমএমইউ।
৭. একান্ত সচিব, মাননীয় ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ।
৮. একান্ত সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (গবেষণা ও উন্নয়ন /একাডেমিক/প্রশাসন) কোষাধ্যক্ষ, বিএসএমএমইউ।
৯. রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএসএমএমইউ।
১০. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmmu.edu.bd/সকল নোটিশ বোর্ড, বিএসএমএমইউ।
১১. অফিস কপি

১২/৯/২০২১

রেজিস্ট্রার

বিএসএমএমইউ।